

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Assembly-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন মহিলা, শিক্ষার্থী, যুব সম্প্রদায়, জনজাতি, তপশিলি জাতি, ওবিসি, সংখ্যালঘু, কর্মচারি, পেনশনার এবং সাধারণ মানুষের কল্যাণে এবারের বাজেট পেশ করা হয়েছে। এই বাজেট রাজ্যের বিকাশ, জনকল্যাণ এবং বিভিন্ন ক্ষেত্রে উৎকর্ষ সাধনের সম্ভাবনার প্রতীক। গতকাল বিধানসভা অধিবেশনের দ্বিতীয়ার্ধে ২০২৬-২৭ অর্থবছরের জন্য যে বাজেট প্রস্তাব পেশ করা হয়েছে তার উপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী একথা বলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারত গড়ার যে লক্ষ্য এই বাজেট সেই লক্ষ্য পূরণের সঙ্গে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ বলে মন্তব্য করেন তিনি।

Idd-UI-Fitr :

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও ইসলাম ধর্মের অন্যতম প্রধান উৎসব ইদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে। সকাল ৯টায় ইদের মূল নামাজ আদায় হবে আগরতলার গেদু মিয়া ঈদগাহ প্রাঙ্গনে। হজরত মাওলানা আব্দুল রহমান কাসেমী নামাজ পাঠ পরিচালনা করবেন। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তারা পৃথক পৃথক শুভেচ্ছা বার্তায় এই উৎসবে রাজ্যের জনগনের সুখ ও সমৃদ্ধি কামনা করেন।

Assembly-5 Bills :

বিধানসভায় গতকাল ৫টি বিল গৃহীত হয়েছে। এই বিলগুলি হচ্ছে দ্য মহারাজা বীর বিক্রম ইউনিভার্সিটি (এমেন্ডমেন্ট) বিল, ২০২৫, সায়েন্স টেকনোলজি অ্যান্ড অ্যালাইড স্কিল ইউনিভার্সিটি, ত্রিপুরা বিল ২০২৬, অটল বিহারী বাজপেয়ী স্কিল ইউনিভার্সিটি, ত্রিপুরা বিল ২০২৫, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ত্রিপুরা বিল ২০২৫। এই চারটি বিল উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ সভায় উত্থাপন করেন এবং এগুলি ধ্বনিভোটে গৃহীত হয়। এছাড়া ত্রিপুরা টেনান্সি বিল ২০২৫ সভায় গৃহীত হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সভায় বিলটি উত্থাপন করেন এবং এটি ধ্বনিভোটে গৃহীত হয়।

NF Railway :

সদ্য চালু হওয়া নারঙ্গি-আগরতলা এক্সপ্রেস ট্রেন আগামী ২৪ মার্চ আগরতলা থেকে গুয়াহাটীর পার্শ্ববর্তী নারঙ্গির মধ্যে নিয়মিত চলাচল করবে। আগরতলা রেল স্টেশনের স্টেশন ম্যানেজার সি এম সাহু জানিয়েছেন, ১৫৬৪৯ নং আগরতলা-নারঙ্গি এক্সপ্রেস ট্রেন ২৪ শে মার্চ থেকে প্রতিদিন রাত ৯টা ৩০ মিনিটে আগরতলা থেকে ছেড়ে পরদিন বেলা ১২টা ৪৫ মিনিটে নারঙ্গি পৌঁছবে। ট্রেনটি ওই দিন বিকেল ৫টায় নারঙ্গি থেকে ছেড়ে পরদিন সকাল ৯টা ৩০ মিনিটে আগরতলায় পৌঁছবে।

Assembly-Angel Chakma :

দেৱাদুনে ত্রিপুরার ছাত্র এঞ্জেল চাকমা হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ এখন পর্যন্ত ৫ জনকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে দুজন নাবালক। পলাতক প্রধান অভিযুক্তকে গ্রেপ্তারের জন্য প্রচেষ্টা জারি রয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক পল দাংশুর আনা একটি নোটিশের উপর বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এ তথ্য জানান।

Assembly–National Highway :

জাইকা প্রকল্পের অর্থায়নে খোয়াই-তেলিয়ামুড়া-হরিণা সংযোগ রক্ষাকারী জাতীয় সড়ক ২০৮-এর খোয়াই থেকে হরিণা অংশটিকে দুই লেনে উন্নীত করার কাজ চারটি পৃথক প্যাকেজের মাধ্যমে করা হচ্ছে। এই প্রকল্পটি সম্পন্ন হলে রাজ্যের পরিবহণ ব্যবস্থার এক নতুন দিগন্ত উন্মোচিত হবে। গতকাল বিধানসভায় বিধায়ক পাঠান লাল জমাতিয়ার আনা এক নোটিশের জবাবে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এ তথ্য জানান।

Dharmanagar Nomination :

৫৬-ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে গতকাল ২ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন। তারা হলেন আমরা বাঙালি মনোনীত প্রার্থী বিভাস রঞ্জন দাস এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ। তারা তাদের মনোনয়নপত্র ধর্মনগর মহকুমার মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরীর হাতে তুলে দেন।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব।

District Level Cultural Workshop :

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল থেকে বিশ্রামগঞ্জে সপ্তাহব্যাপী সিপাহীজলা জেলা ভিত্তিক সাংস্কৃতিক কর্মশালা শুরু হয়েছে। এই কর্মশালায় চংপ্রেং বাদনের উপর প্রশিক্ষণ দেবেন শচীন দেববর্মন পুরস্কারপ্রাপ্ত চংপ্রেং

বাদক সূর্যকুমার ওরফে সদাগর দেববর্মা। কর্মশালার উদ্বোধন করেন জেলার অতিরিক্ত জেলাশাসক উপেন্দ্র জামাতিয়া।

District Task Force :

গোমতী জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে জেলা টাস্ক ফোর্স কমিটির বৈঠক গতকাল জেলা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বৈঠকের মূল আলোচ্য বিষয় ছিল এইচপিভি টিকাকরণ কর্মসূচি, নিয়মিত টিকাকরণ কার্যক্রম এবং অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত বিষয়। জেলার টিকাকরণ কর্মসূচিকে আরও শক্তিশালী করা এবং স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয় বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.৯ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১০.২ মিলিমিটার।
